# Times Today BD

তাহমিদ হাসান রাব্বি | ক্যাম্পাস | 25 June, 2025

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে (জাককানইবি) জুলাই-আগস্ট -২৪ গণঅভ্যুত্থানের এক বছর পূর্তি উদযাপন বাস্তবায়নের লক্ষ্যে ১৩ সদস্যবিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে।

বুধবার (২৫ জুন) বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. মিজানুর রহমান স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তির মাধ্যমে এ কমিটি গঠনের কথা জানানো হয়।

কমিটির আহ্বায়ক হিসেবে দায়িত্ব পেয়েছেন কলা অনুষদের ডিন ড. মোহাম্মদ ইমদাদুল হুদা।এছাড়া সদস্য হিসেবে রয়েছেন বিশ্ববিদ্যালয়ের ১১ জন শিক্ষক ও কর্মকর্তা।এছাড়াও ছাত্র উপদেষ্টা ড. মোঃ আশরাফুল আলমকে সদস্য-সচিব করা হয়েছে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছে, এ কমিটি জুলাই- আগস্ট গণঅভ্যুত্থান দিবস উদযাপন সংশ্লিষ্ট যাবতীয় কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে।অনুষ্ঠান সফলভাবে সম্পন্ন করতে প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণে কমিটিকে দায়িত্ব দেওয়া হয়েছে।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 04:45

URL: https://timestodaybd.com/campus/3716775807